

ঢাকা, ২৩ জুন ২০১৯

২০২১ সাল থেকে সব স্কুলে কারিগরি শিক্ষা বাধ্যতামূলক করা হবে

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন ২০২১ সাল থেকে দেশের সকল স্কুলে কারিগরি শিক্ষা বাধ্যতামূলক করা হবে। ৬ষ্ঠ থেকে ৮ ম শ্রেণী পর্যন্ত কারিগরি শিক্ষার একটা বিষয় বাধ্যতামূলক করা হবে। প্রতিটি স্কুলে কমপক্ষে দুইটি ট্রেড থাকবে যে প্রতিটি শিক্ষার্থী দুইটির যে কোন একটি ট্রেড পারদর্শী হবে। যদি কোন শিক্ষার্থী উচ্চতর শিক্ষা না নিতে পারে তাহলে সে যেন বেকার না থাকে এ জন্য কারিগরি শিক্ষা চালুর পরিকল্পনা করছে সরকার। মন্ত্রী বলেন এসডিজি এর ১৭ টি লক্ষ্যের সব গুলোর সাথেই শিক্ষা জড়িত। শিক্ষা ব্যবস্থার উন্নয়নে সরকার সংস্কারমূলক কার্যক্রম শুরু করেছে। আমাদের সৃজনশীল পদ্ধতির মধ্যে ও এক ধরনের কড়াকড়ি আছে সরকার এই কড়াকড়ি দূরী করণে কাজ করে যাচ্ছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন জিডিপির কমপক্ষে ৪ শতাংশ শিক্ষায় বরাদ্দ রাখতে আমরা এখন ও পর্যায়ে যেতে পারি নি। আমাদের যেতে হবে অনেক দূর। বাজেট আরও বৃদ্ধি করতে হবে।

তিনি আজ ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয়ের আয়োজনে ঢাকার সেগুন বাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটে "স্থানীয় পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন" বিষয়ক এক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। ঢাকা বিভাগের কমিশনার মোহাম্মদ জয়নুল বারী এর সভাপতিত্বে কর্মশালায় আরও বক্তব্য রাখেন নৌ পরিবহন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী, পরিকল্পনা কমিশনের সিনিয়র সচিব ড. শামসুল আলম, সাংবাদিক ও ভোরের কাগজ পত্রিকার সম্পাদক শ্যামল দত্ত, সাংবাদিক মনজুরুল আহসান বুলবুল প্রমুখ। কর্মশালায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ঢাকা বিভাগের বিভিন্ন জেলা উপজেলার প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।

খালিদ মাহমুদ চৌধুরী বলেন নির্ধারিত সময়ের অনেক আগেই বাংলাদেশ এসডিজি অর্জন করবে। আমাদের মনে রাখতে হবে উন্নয়ন মানে পকেটভর্তি টাকা নয়। উন্নয়ন হল জীবন যাত্রার উন্নয়ন। আইন মানার সংস্কৃতি তৈরি করা।

ড. শামসুল আলম বলেন বাংলাদেশ এস ডি জি অর্জনে অন্যান্য দেশের চেয়ে তুলনামূলক অনেক এগিয়ে আছে। তিনি বলেন এসডিজি খুবই জটিল ও বহুমুখী। অনেক কিছু আমাদের সাথে প্রাসঙ্গিক ও না। আমাদেরকে আমাদের মত করে এগিয়ে যেতে হবে। এমডিজি অর্জনে সাফল্যের দিকদিয়ে বাংলাদেশ প্রথম ১৬ টি দেশের মধ্যে অন্যতম। বাংলাদেশ এমডিজি অর্জনে ১০টি পুরস্কার পেয়েছেন।

মোহাম্মদ আবুল খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল নম্বর: ০১৭১৬০৬৮৮৮

